অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/22/2026 **গভর্নর ক্যাথি হোকল**

ডিজেবিলিটি প্রাইড মাস চলাকালে, গভর্নর হোকল Borough Hall সাবওয়ে স্টেশনে প্রধান অ্যাক্সেসিবিলিটি উন্নয়নের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

তিনটি নতুন এলিভেটর রাস্তা, মেজানিন এবং প্ল্যাটফর্ম লেভেলকে সংযুক্ত করেছে প্রজেক্টের মধ্যে রক্ষণাবেক্ষণের গুরুত্বপূর্ণ কাজ হয়েছে

গভর্নর হোকলের নেতৃত্বে MTA সাবওয়ে অ্যাক্সেসিবিলিটির জন্য ঐতিহাসিক বিনিয়োগ করে চলছে; বর্তমানে 160টি স্টেশন সম্পূর্ণ অ্যাক্সেসিবল

নিউ ইয়র্ক (New York) যখন ডিজেবিলিটি প্রাইড মাস (Disability Pride Month) উদযাপন করছে, তখন গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) Borough Hall সাবওয়ে স্টেশনে প্রধান অ্যাক্সেসিবিলিটি উন্নয়ন এবং রক্ষণাবেক্ষণের গুরুত্বপূর্ণ কাজ শেষ হওয়ার উদযাপন করেছে, যা 118 বছর পুরোনো স্টেশনটিকে Americans with Disabilities Act (ADA) অনুযায়ী সম্পূর্ণ অ্যাক্সেসিবল করেছে। 4 এবং 5 ট্রেনের ব্যবহার করা Borough Hall কমপ্লেক্সের অংশটির উন্নয়ন প্রতিদিনের 22,000 জন যাত্রীর জন্য লাভজনক হবে। Borough Hall হলো গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বে সাম্প্রতিক সময়ে অ্যাক্সেসিবিলিটি উন্নয়নের কাজ হওয়া সাবওয়ে স্টেশনগুলির ঐতিহাসিক ধারাবাহিকতায় যুক্ত হওয়া সর্বশেষ স্টেশন। 2021 সাল থেকে 34টি সাবওয়ে স্টেশন সম্পূর্ণ অ্যাক্সেসিবল করা হয়েছে, ফলে পুরো ব্যবস্থায় এখন সম্পূর্ণ অ্যাক্সেসিবল স্টেশনের সংখ্যা 160। সাবওয়ে ব্যবস্থায় আরো অ্যাক্সেসিবিলিটির উন্নয়ন করার জন্য বর্তমানে আরো 34টি স্টেশনে কাজ চলছে।

"Borough Hall হলো ডাউনটাউন ব্রুকলিনের (Downtown Brooklyn) সব সুযোগ-সুবিধার সাথে সংযোগ স্থাপনের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র, কিন্তু অনেক লম্বা সময় ধরে এই পরিবহন কেন্দ্রটি সবার জন্য অ্যাক্সেসিবল ছিলো না; আজ অবশেষে সেই পরিস্থিতির পরিবর্তন হয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্কের পরিবহনের পুনর্জাগরণ হলো আমাদের শহরের প্রাণশক্তিতে করা ঐতিহাসিক বিনিয়োগের ফল, এবং অত্যন্ত প্রয়োজনীয় অ্যাক্সেসিবিলিটির উন্নয়ন ও অবকাঠামো মেরামতের জন্য এটির মতো প্রজেক্ট প্রমাণ করে যে যখন পরিবহনে বিনিয়োগ করা হয় তখন তা পুরো একটি কমিউনিটির বিকাশে সাহায্য করে।"

অ্যাক্সেসিবিলিটির উন্নয়নের মধ্যে রয়েছে তিনটি নতুন এলিভেটর, যার একটি রাস্তা থেকে মেজানিন পর্যন্ত এবং দুটি মেজানিন থেকে প্ল্যাটফর্ম পর্যন্ত এলিভেটর, যা উভয় দিকের যাত্রীদের সেবা দিবে। পাশাপাশি, প্রজেক্টের কর্মীরা প্ল্যাটফর্মের প্রান্ত এবং স্পর্শনির্ভর নির্দেশক

স্ট্রিপ পুনর্নির্মাণ করেছেন এবং নতুন ADA বোর্ডিং এলাকা স্থাপন করেছেন। অন্যান্য অ্যাক্সেসিবিলিটির উন্নয়নের মধ্যে রয়েছে স্টেশনের এজেন্ট বুথে পরিবর্তন এবং কর্মীদের জন্য একটি নতুন অ্যাক্সেসিবল বাথরুম। প্রজেক্টটি এছাড়াও অনেক দিনের ব্যবহার এবং পানি প্রবেশের কারণে সৃষ্ট উল্লেখযোগ্য কাঠামোগত ক্ষয়ক্ষতির সমাধান করেছে। স্টেশনের ছাদ সংস্কার করা হয়েছে, এবং বাতি, যোগাযোগ ব্যবস্থা, ফায়ার অ্যালার্ম, প্লাম্বিং, ড্রেনেজ এবং স্টেশনের অন্যান্য অতি গুরুত্বপূর্ণ সিস্টেমের উন্নয়ন করা হয়েছে। এছাড়াও, 1908 সালে নির্মিত মূল Interborough Rapid Transit Company স্টেশনের 1,000 বর্গফুট ঐতিহাসিক টাইল মোজাইক পুনরুদ্ধার করে পুনরায় স্থাপন করা হচ্ছে, যাতে তা আগামী বহু প্রজন্ম ধরে টিকে থাকে।

MTA-এর চেয়ারম্যান ও CEO Janno Lieber (জ্যানো লিবার) বলেন, "Borough Hall স্টেশন দ্রুত বিকাশমান ডাউনটাউন ব্রুকলিনের প্রাণকেন্দ্র। এবং ফেডারেল IIJA তহবিলের কারণে এটি এখন ADA অ্যাক্সেসিবল এবং আমাদের যাত্রীদের জন্য আরো অনেক বেশি কার্যকর হয়েছে।"

MTA কনস্ট্রাকশন অ্যান্ড ডেভেলপমেন্টের (MTA Construction and Development) প্রেসিডেন্ট Jamie Torres-Springer (জেমি টরেস-স্প্রিংগার) বলেন, "Borough Hall-এ অ্যাক্সেসিবিলিটি নিশ্চিত করতে সতর্ক সমন্বয়ের প্রয়োজন হয়েছে এবং একই সাথে ব্রুকলিনের ব্যস্ততম স্টেশনগুলির একটিতে সেবা সচল রাখতে হয়েছে। এর সবই প্রত্যেক নিউ ইয়র্কবাসী নির্ভর করতে পারবেন এমন একটি পরিবহন ব্যবস্থা গড়ে তোলার প্রতি MTA-এর অঙ্গীকারের অংশ, এবং ডিজেবিলিটি প্রাইড মাসে এই মাইলফলক উদযাপন এটিকে আরো তাৎপর্যপূর্ণ করে তুলেছে।"

MTA-এর চীফ অ্যাক্সেসিবিলিটি অফিসার Quemuel Arroyo (কেমুয়েল অ্যারোয়ো) বলেন, "Borough Hall ডাউনটাউন ব্রুকলিনের পরিবহন নেটওয়ার্কের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র, এবং নিরাপদ, অ্যাক্সেসিবল, এবং নির্ভরযোগ্য সেবা পাওয়া প্রত্যেক যাত্রীর প্রাপ্য। এই প্রজেক্টটি দেখিয়েছে যে বিচক্ষণ ফেডারেল বিনিয়োগ কী অর্জন করতে পারে, এটি দেশের বৃহত্তম পরিবহন ব্যবস্থাকে আধুনিক করছে এবং একই সাথে লাখো নিউ ইয়র্কবাসীর জন্য এটিকে আরো অ্যাক্সেসিবল এবং নির্ভরযোগ্য করছে।"

নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের (New York City Transit) প্রেসিডেন্ট Demetrius Crichlow (ডেমেট্রিয়াস ক্রিশলো) বলেন, "আমি আনন্দিত যে এখন নিউ ইয়র্কবাসীদের এখনো ডাউনটাউন ব্রুকলিনে আরো অ্যাক্সেসিবল এবং নির্বিঘ্ন যাত্রার অ্যাক্সেস আছে, তা তাদের চলাচল সহায়ক যন্ত্র ব্যবহার, স্ট্রলার ঠেলা, লাগেজ বহন করা বা শুধু এলিভেটর ব্যবহারের প্রয়োজন, যাই হোক না কেনো। নতুন এলিভেটর এবং বিস্তৃত রক্ষণাবেক্ষণের কাজের মতো স্টেশনের উন্নয়ন সকল যাত্রীর জন্য দ্রুত, নির্ভরযোগ্য এবং নিরাপদ সেবা প্রদানের আমাদের লক্ষ্য পূরণের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "Borough Hall হলো ব্রুকলিনের অন্যতম প্রধান পরিবহন কেন্দ্র এবং Bipartisan Infrastructure and Jobs Law-এর মাধ্যমে আমি যে তহবিল নিশ্চিত করতে কঠোর পরিশ্রম করেছি, তা যাত্রীদের জীবনযাত্রার মান উন্নত

করবে এবং সকলের জন্য আরো উন্নত গণপরিবহনের অ্যাক্সেস প্রদান করবে, যার মধ্যে অক্ষমতা সহ নিউ ইয়র্কবাসী থাকবেন যারা অনেক দিন ধরে আমাদের গণপরিবহন ব্যবস্থায় দুর্বল অ্যাক্সেসের কারণে কষ্ট করেছেন," Schumer (শুমার) বলেন। "MTA-এর কারণে এই অত্যন্ত প্রয়োজনীয় অ্যাক্সেসিবিলিটি উন্নয়নগুলি স্থানীয় অর্থনীতিকে অগ্রসর করবে, ভালো বেতনের চাকরির সুযোগ সৃষ্টি করবে, এবং গুরুত্বপূর্ণ সেবাগুলির অ্যাক্সেস বাড়াবে।"

সিনেটর Kirsten Gillibrand (কির্স্টেন জিলিব্র্যান্ড) বলেন, "সব নিউ ইয়র্কবাসীর নিরাপদ ও নির্ভরযোগ্য গণপরিবহন প্রাপ্য, এবং Borough Hall সাবওয়ে স্টেশনের এই উন্নয়নগুলি সেই লক্ষ্য অর্জনের পথে একটি বড় পদক্ষেপ," সিনেটর Gillibrand (জিলিব্র্যান্ড) বলেন। "Bipartisan Infrastructure Law-এর মাধ্যমে এই প্রজেক্টের জন্য তহবিল নিশ্চিত করতে পেরে আমি গর্বিত এবং সব নিউ ইয়র্কবাসীর যাতে তাদের প্রাপ্য পরিবহন নেটওয়ার্কে অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করতে আমি কাজ করতে থাকবো।"

রিপ্রেজেন্টেটিভ Dan Goldman (ড্যান গোল্ডম্যান) বলেন, "আমি অত্যন্ত আনন্দিত যে গভর্নর শহরের অন্যতম গুরুত্বপূর্ণ পরিবহন কেন্দ্র, ব্রুকলিনের Borough Hall স্টেশনে অ্যাক্সেসিবিলিটি উন্নয়নের ঘোষণা করেছেন। এই এলিভেটরগুলি আমার অফিসের একটি অগ্রাধিকার ছিলো, কারণ এগুলি নিশ্চিত করবে যাতে সব সক্ষমতার নিউ ইয়র্কবাসীরা আমাদের বিশ্ব বিখ্যাত সাবওয়ে ব্যবস্থার উপর নির্ভর করতে পারবেন। গণপরিবহনকে অবশ্যই সকলের জন্য কার্যকর হতে হবে।"

স্টেটের সিনেটর Andrew Gounardes (অ্যান্ড্রু গাউনার্ডেস) বলেন, "সাবওয়ে সকল নিউ ইয়র্কবাসীর, এবং এটি সকল নিউ ইয়র্কবাসীর জন্যই অ্যাক্সেসিবল হওয়া উচিত। এই স্টেশনটি আমাদের পরিবহন নেটওয়ার্কের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র, এবং এটিকে সম্পূর্ণ অ্যাক্সেসিবল করে তোলা হলো বহু ব্রুকলিনবাসীর জন্য একটি বড় অর্জন: যাদের মধ্যে আছেন হুইলচেয়ার ব্যবহারকারী বা সিঁড়ি বেয়ে উঠতে যাদের কষ্ট হয়, যারা স্ট্রলারে করে সন্তানকে নিয়ে চলাচল করেন, অথবা যারা কাজে ভারী সরঞ্জাম বহন করেন। এলিভেটর ব্যবহারের কারণগুলি ট্রেনে যাতায়াতকারী নিউ ইয়র্কবাসীদের মতোই বৈচিত্র্যময়। আমি এই উন্নয়নের জন্য তহবিল পেতে লড়াই করেছি, কারণ আমি জানি প্রতিটি অ্যাক্সেসিবল স্টেশন যাত্রীদের জন্য সম্ভাবনার নতুন দ্বার খুলে দেয়। এটি বাস্তবায়নে কাজ করার জন্য MTA-কে ধন্যবাদ।"

অ্যাসেম্বলির সদস্য Jo Anne Simon (জো অ্যান সাইমন) বলেন, "আমরা Borough Hall স্টেশনের এই অ্যাক্সেসিবিলিটি উন্নয়নের জন্য অনেক দিন ধরে অপেক্ষা করেছি এবং এই দিনটি আসায় আমরা অত্যন্ত আনন্দিত। ব্রুকলিনের ব্যস্ততম পরিবহন কেন্দ্রগুলির একটিকে সম্পূর্ণ অ্যাক্সেসিবল স্টেশনে রূপান্তর করা ছিল একটি জটিল উদ্যোগ যার জন্য উদ্ভাবনী চিন্তা এবং অধ্যবসায়ের প্রয়োজন হয়েছে। অক্ষমতা সহ নিউ ইয়র্কবাসী, বয়স্ক ব্যক্তি, স্ট্রলার ব্যবহারকারী অভিভাবক, এবং চলাচলে সীমাবদ্ধতা রয়েছে এমন ব্যক্তিরা যাতে গণপরিবহন ব্যবহার করতে পারেন তা নিশ্চিত করার জন্য অ্যাক্সেসিবল গণপরিবহন অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনেক দিনের অপেক্ষার পর এই প্রজেক্টটির কাজ শেষ করতে তাদের প্রতিশ্রুতি ও পরিশ্রমের জন্য আমি গভর্নর Hochul (হোকল), Janno Lieber (জ্যানো লিবার), Demetrius Crichlow (ডেমেট্রিয়াস ক্রিশলো), Jamie Torres-Springer (জেমি টরেস-স্প্রিংগার) এবং Quemuel Arroyo-কে (কেমুয়েল অ্যারোয়ো) ধন্যবাদ জানাচ্ছি।"

ব্রুকলিন বরোর প্রেসিডেন্ট Antonio Reynoso (অ্যান্টোনিও রেইনোসো) বলেন, "যেসব নিউ ইয়র্কবাসী প্রতিদিন আমাদের সাবওয়ে ব্যবস্থার উপর নির্ভর করেন, তাদের জন্য অ্যাক্সেসিবিলিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। Borough Hall ব্রুকলিনের নাগরিক জীবনের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র, এবং এই স্টেশনটি এখন সম্পূর্ণ অ্যাক্সেসিবল হওয়ায়, আমার দল এবং আশপাশের এজেন্সিগুলি যে বহু সেবা ও প্রোগ্রাম প্রদান করে সেগুলিতে যাত্রীরা আরো সহজে পৌঁছাতে পারবেন। আমরা ডিজেবিলিটি প্রাইড মাস উদযাপন করছি, এবং অ্যাক্সেসিবিলিটিকে অগ্রাধিকার দেওয়া এবং প্রত্যেক যাত্রীকে সমর্থন করে এমন একটি পরিবহন ব্যবস্থা গড়ে তোলার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং MTA-কে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) সদস্য Lincoln Restler (লিংকন রেসলার) বলেন, "Borough Hall সাবওয়ে স্টেশনটি এখন সম্পূর্ণ ADA অ্যাক্সেসিবল হওয়ায় আমি আনন্দিত। চলাচলে সীমাবদ্ধতা রয়েছে এমন ব্যক্তি, স্ট্রলার ব্যবহারকারী অভিভাবক, এবং আমাদের ব্যস্ত ডাউনটাউন ব্রুকলিন কেন্দ্রের সিঁড়ি ব্যবহার করতে যাদের সাহায্য প্রয়োজন, তাদের সবার জন্য এই তিনটি নতুন এলিভেটর অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি সম্ভব করার জন্য এবং স্টেশনের দৃষ্টিনন্দন নতুন পাবলিক আর্টের জন্য আমি MTA-কে ধন্যবাদ জানাচ্ছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে, এই ঠিকানায় একটি ইমেইল পাঠান press.release+unsubscribe@exec.ny.gov।